

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.১৯.১৭-৬৯৩

তারিখ: ১৮.০৯.২০১৭ খ্রি:।

বিষয়: চান্দেরচর দারুল ইসলাম আলিম মাদরাসার ০৭ (সাত) শতাংশ নিজস্ব জমি জেলা প্রশাসকের নামে দানকরণের কারণ ব্যাখ্যাপূর্বক মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) জনৈক জনাব জামিরুল হক এর আবেদন পত্র।

তারিখ: ১৭.০৯.২০১৭ খ্রি:।

(২) জমি দানের দলিল নং ৪৩৬১

সম্পাদনের তারিখ: ১১.০৯.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে প্রাপ্ত (২) নং স্মারকের কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, চান্দেরচর দারুল ইসলাম আলিম মাদরাসার নামে দানকৃত ০৭ (সাত) শতাংশ নিজস্ব জমি জেলা প্রশাসকের নামে দান করা হয়েছে।

০২. স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি মাদরাসার গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি বিধিমালা-১৯৭৯ মোতাবেক মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের জমি বিক্রি, দান বা হস্তান্তরের কোন প্রকার এখতিয়ার গভর্ণিং বডির নেই।


০৩. যথাযথ কতৃপক্ষের অনুমতি ব্যতিত মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের জমি এখতিয়ার বহির্ভূতভাবে অন্যকোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নামে দান/হস্তান্তর সম্পূর্ণ বেআইনী কাজ এবং তা ফৌজদারি অপরাধের সমতুল্য।

০৪. গভর্ণিং বডির সভাপতি হিসেবে এখতিয়ার বহির্ভূতভাবে শিক্ষা প্রতিষ্ঠানের সম্পত্তি বেআইনীভাবে অন্যকোউকে দান/হস্তান্তর করা ফৌজদারি অপরাধের সামিল।

০৫. অধিকন্তু মাদরাসার নামে দানকৃত জমি মূলতঃ সরকারি সম্পত্তি যা সরকারের অনুমতি ব্যতিত কোনভাবেই হস্তান্তরযোগ্য নয়।

০৬. এমতাবস্থায় বর্ণিত অবস্থার আলোকে তাঁর ফৌজদারিতুল্য অপরাধের জন্য সভাপতির পদ থেকে অপসারণের প্রয়োজনীয় প্রশাসনিক কার্যক্রম গ্রহণ করার পদক্ষেপ কেন গ্রহণ করা হবে না এর কারণ ব্যাখ্যাসহ উপযুক্ত জবাব আগামী ০২.১০.২০১৭ খ্রি.তারিখ এর মধ্যে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে।

সভাপতি,
চান্দেরচর দারুল ইসলাম আলিম মাদরাসা, হোমনা, কুমিল্লা।


১৪.০৭.১৭

মোঃ আবদুল মুকীত

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

(প্রতিকল্প কর্মকর্তা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-dgdmeb@gmail.com

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, কুমিল্লা।
৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল।
৪. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হোমনা।
৬. অধ্যক্ষ, চান্দেরচর দারুল ইসলাম আলিম মাদরাসা, হোমনা, কুমিল্লা।
৭. অফিস কপি।